

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৮

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ কুকুর, গাধা ও মহিলা ছাড়া আর কেউ সালাত বিনষ্ট করতে পারে না।

باب مَا جَاءَ أَنَّهُ لاَ يَقْطَعُ الصَّلاَةَ إِلاَّ الْكَلْبُ وَالْحِمَارُ وَالْمَرْأَةُ

### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا يُونُسُ بْنُ عُبَيْدٍ، وَمَنْصُورُ بْنُ زَاذَانَ، عَنْ حُمَيْدِ بْنِ هِلَالٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِت، قَالَ سَمِعْتُ أَبًا ذَرِّ، يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم " إِذَا صَلَّى الرَّجُلُ وَلَيْسَ بَيْنَ يَدَيْهِ كَآخِرَةِ الرَّحْلِ أَقْ كَوَاسِطَةِ صَلَى الله عليه وسلم " إِذَا صَلَّى الرَّجُلُ وَلَيْسَ بَيْنَ يَدَيْهِ كَآخِرَةِ الرَّحْلِ أَقْ كَوَاسِطَةِ الرَّحْلِ قَطَعَ صَلَاتَهُ الْكَلْبُ الأَسْوَدُ وَالْمَرْأَةُ وَالْحِمَارُ " . فَقُلْتُ لَأَبِي نَرٍ مَا بَالُ الأَسْوَدِ مِنَ الأَبْيَضِ فَقَالَ يَا ابْنَ أَخِي سَأَلْتَنِي كَمَا سَأَلْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم فَقَالَ " الْكَلْبُ الأَسْوَدُ شَيْطَانٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي سَعِيدٍ وَالْحَكَمِ بْنِ عَمْرٍ وسلم فَقَالَ " الْكَلْبُ الأَسْوَدُ شَيْطَانٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي سَعِيدٍ وَالْحَكَمِ بْنِ عَمْرٍ وسلم فَقَالَ " الْكَلْبُ الأَسْوَدُ شَيْطَانٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي سَعِيدٍ وَالْحَكَمِ بْنِ عَمْرٍ الْفَفَارِيِّ وَأَبِي هُرَيْرَةَ وَأَنسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي ذَرٍّ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَيْهِ قَالُوا يَقْطَعُ الصَّلاَةَ الْحِمَارُ وَالْمَرْأَةُ وَالْكَلْبُ الأَسْوَدُ . قَالَ الْحَمْلُ الْعِلْمِ إِلَيْهِ قَالُوا يَقْطَعُ الصَّلاَةَ الْحَمَارُ وَالْمَرْأَةُ وَفِي نَفْسِي مِنَ الْحِمَارِ وَالْمَرْأَةِ وَلِي نَفْسِي مِنَ الْحِمَارِ وَالْمَرْأَةِ وَلِي نَفْسِي مِنَ الْحِمَارِ وَالْمَرْأَةِ وَلِي نَفْسِي مِنَ الْحِمَارُ وَالْمَرْأَةِ وَلِي نَفْسِي مِنَ الْحِمَارِ وَالْمَرْأَةِ وَلَى الْمَنْ الْمَالُ إِسْحَاقُ لَا يَقْطَعُهَا شَيْءٌ إِلاَ الْكَلْبُ الأَسْوَدُ .

#### বাংলা

৩০৮. আহমদ ইবনু মানী (রহঃ) .... আবূ যর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ সালাত আদায়ের সময় যদি মুসুল্লীর সামনে উটের পিঠের কাষ্ঠাসনের মত কিছু না থাকে তবে কাল কুকুর, স্ত্রীলোক এবং গর্দভ সালাত বিনষ্ট করে দিবে। আবদুল্লাহ ইবনু সামিত (রহঃ) বলেনঃ আমি আবূ যর্ রাদিয়াল্লাহু আনহু-কে জিজ্ঞাসা করলামঃ লাল বা সাদা কুকুর বাদ দিয়ে কাল কুকুরের কথা উল্লেখ করার বিষয় কি? তিনি বললেনঃ হে ভ্রাতুপ্পুত্র! তুমি যেমন আমাকে প্রশ্ন করছ, আমিও তেমনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এ প্রশ্ন করেছিলাম। তিনি তখন বলেছিলেনঃ কালো কুকুর হল শয়তান। - ইবনু মাজাহ ৯৫২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ সাঈদ, হাকাম ইবনু আমর আল-গিফারী, আবূ হুরায়রা এবং আনাস (রাঃ) থেকেও হাদীস বর্ণিত



আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ যর্ (রাঃ) বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। আলিমদের কেউ কেউ এই মত গ্রহণ করেছেন। তাঁরা বলেনঃ গাধা, স্ত্রীলোক ও কাল কুকুর সালাত বিনষ্ট করে দেয়। ইমাম আহমদ (রহঃ) বলেনঃ কাল কুকুর সালাত বিনষ্ট করে, এই বিষয়ে আমার সন্দেহ নেই। তবে গর্দভ ও স্ত্রীলোকদের ব্যাপারে আমার প্রশ্ন রয়েছে। ইমাম ইসহাক (রহঃ) বলেনঃ কাল কুকুর ছাড়া আর কিছুই সালাত বিনষ্ট করে না।

## **English**

#### Abu Dharr said that:

Allah's Messenger said: "When a man performs Salat, and there is nothing in front of him like the post of a saddle, or a camel saddle, then his Salat is severed by (passing of) a black dog, a woman, and a donkey." It was said to Abu Dharr: "What is the problem with the black dog rather than the red or white one?" He said: "O my nephew! I asked Allah's Messenger just as you have asked me. He said: 'The black dog is a Shaitan (devil).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন